# আপনার সন্তানের সাথে স্কুলে যান

পিতামাতার জন্য নির্দেশনা

স্কুল গমনের ক্রান্তিকাল- একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ

পিতামাতার ভূমিকা

পিতামাতার জন্য নির্দেশনা

প্রয়োজনীয় দক্ষতা

স্কুলের প্রাথমিক দিনগুলো

পরামর্শের জন্য লিঙ্ক

## কিন্ডারগার্টেন শুরু, স্কুলের সাথে প্রথম যোগাযোগ!

### বিদ্যালয়ের প্রারম্ভিক ক্রান্তিকাল কর্মকর্তা এবং পরামর্শদাতাদের দ্বারা

আপনার সন্তান তার স্থানীয় স্কুলে প্রবেশের জন্য প্রস্তুত হচ্ছে। প্রথম স্কুলে যাবার ক্রান্তিকালে তাদেরকে সহায়তা করার জন্য এখানে একটি ছোট গাইড রয়েছে!





# কেন এটি আপনার সন্তানের জীবনের একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ?

স্কুল জীবনে প্রবেশ তাদের জীবনেপ্রভূতপরিবর্তনআনবে: তাদেরস্বত্ববিকাশ, নতুনপরিবেশআবিষ্কার, পিতামাতারথেকেআলাদা হওয়াএবংনতুননতুন বন্ধুদেরসাথে পরিচয় এবং আরো অনেক কিছু।

অনেক শিশুএই ক্রান্তিকালীন রুপান্তরটিগ্রহণ করবে আত্মবিশ্বাসেরসাথে, আবার অন্যদেরজন্যএটিহবে উদ্বেগেরকারন।

অতএব, সন্তানেরসঙ্গে আপনার ইতিবাচকএবংআশ্বাসপূর্ণহওয়াগুরুত্বপূর্ণ!





# পিতামাতা হিসাবে আপনার ভূমিকা কী?

সন্তানের শিক্ষার জন্য প্রাথমিকভাবে দায়িত্বপ্রাপ্ত হিসাবে, প্রথম স্কুলে যাবার ক্রান্তিকালে আপনার সন্তানকে নির্দেশনা দেবার জন্য আপনিই সবচাইতে উপযুক্ত ব্যাক্তি।

আপনার সন্তানের প্রয়োজন সম্পর্কে শিক্ষককে জানাতে দ্বিধা করবেন না। যদি আপনার সন্তান কোন পেশাদার পরিষেবা পেয়ে থাকে তবে এটিও উল্লেখ করুন। এই তথ্য প্রদান করা হলে, আপনার সন্তানকে দ্রুত এবং যথাযথভাবে সহায়তা করা সম্ভবপর হবে।

স্কুলে তার ক্রান্তিকালিন সময়ে সূক্ষ্ম এবং স্থূল মোটর ক্রিয়াকলাপ গুলির মাধ্যমে তাকে সমর্থন করুন। গ্রীষ্মকালিন সময়েও কিছু প্রয়োজনীয় দক্ষতা গঠনে তাকে সহায়তা করা যেতে পারে।
আপনি নিম্নলিখিত পৃষ্ঠাগুলিতে কিছু ধারণা পাবেন।.

# আপনার সন্তানের সাথে করার জন্য করণীয় কার্যকলাপগুলি

- হাতের পেশী বিকাশের জন্য মডেলিং মাটি, কখনো বা দৃঢ় কিছু দিয়ে অথবা কোন আনুষাঙ্গিক ছাড়াই খেলুন।.
- আপনার সন্তানকে পশুদের চালচলন (ভালুক, সাপ, বিড়াল, ব্যাঙ ইত্যাদি) অনুকরণ করে বাড়ির চারপাশে ঘুরে বেড়ানো শিখান।
- আপনার সন্তানকে মেঝেতে লিখতে, খেলতে, তার পেটে আঁকতে বলুন।
- আপনার সন্তানকে আঁকতে দিন, দেওয়ালে লাগানো বড়ো কাগজে রঙ করতে বলুন। আপনার সন্তান দাঁড়িয়ে আছে এমন ভঙ্গির ছবি আঁকতে দিন।
- আপনার সন্তানকে জোরে পড়ে শোনান। তাকে মেঝেতে বসতে (পা ক্রস/ আড়াআড়ি করে) বলুন যাতে তারা এই অবস্থানে অভ্যস্ত হয়ে ওঠে।
- ভবিষ্যতে তারা যে স্কুলে যাবে তার উঠোনে তাকে খেলতে দিন। আপনি একটি বল, বাইসাইকেল কিংবা লাফানোর দড়ি ইত্যাদি নিয়ে আসতে পারেন।





# স্কুলে প্রয়োজনীয় দক্ষতা

- স্কুলের জিনিষগুলি (ব্যাকপ্যাক, পেন্সিল কেস, লাঞ্চ বক্স) চিনতে শেখা।



- কারো সাহায্য ছাড়া বিভিন্ন কনটেইনার/ বাক্স (থার্মোস সহ) খুলতে পারা।



- লেসেট, জিপার, বোতাম সহ একা ড্রেসিং অনুশীলন করা।



একা বাথরুমে যেতে সক্ষম হওয়া।



# স্কুলে প্রয়োজনীয় দক্ষতা

- সংগঠিত হতে শেখা (আপনার সন্তানকে ধাপে ধাপে কাজ করতে শেখান, প্রথমে সেগুলি দেখান এবং পরে তাদের অভিজ্ঞতা পেতে দিন।



- অধ্যবসায় করতে শেখা (একটি কাজ শেষ করতে উৎসাহিত করুন, এমনকি যখন এটি কঠিন তখনও)।



- মনোসংযোগ করতে শেখা (তাদের একবারে একটি কাজ করতে বলুন, এই সময়ে স্ক্রিনগুলি তাদের নাগালের বাইরে রাখুন)



Source: Naitre et Grandir

# স্কুলের প্রথম দিনগুলি

স্কুল সম্পর্কে আপনার সন্তানের ধারণা বিকাশে আপনার ভূমিকা রয়েছে। স্কুলে যাবার পথে তাদের সঙ্গ দেওয়া এবং স্কুলের প্রারম্ভিক দিনগুলি সুসঙ্গত ও সুন্দরভাবে তাদেরকে অনুভব করতে সহায়তা করার জন্য, এখানে কয়েকটি সর্বশেষ কিছু পরামর্শ দেওয়া হল।. :

- আপনার সন্তানকে দিনের সময়সূচীর কথা মনে করিয়ে দিয়ে সুরক্ষিত করুন।
- কোন কিছু সহজ বা কঠিন হবে বলা এড়িয়ে চলুন, প্রতিটি শিশু কিন্ডারগার্টেনের ক্রান্তিকালীন সময়টিকে তাদের নিজস্ব উপায়ে অনুভব বা উপভোগ করে।
- তারা যাই কিছু করুক, তাদের প্রচেষ্টাকে উৎসাহিত ও প্রশংসা করুন।
- আপনার সন্তানের প্রশ্ন এবং আচরণ সম্পর্কে সংবেদনশীল হন।
- তাকে আশ্বস্ত করুন কারণ আপনার সন্তানের প্রথম স্কুল/কান্তিকালিন অভিজ্ঞতা আপনাকে ইতিবাচক উপায়ে উপস্থাপন করতে হবে।
- আপনার সন্তানের ঘুম যাতে পর্যাপ্ত হয় তা নিশ্চিত করুন (১২ ঘন্টা)।
- তাকে একটি চক্ষু পরীক্ষায় উত্তীর্ণ হবার জন্য প্রস্তুত করুন (স্বাস্থ্য বীমা দ্বারা সুরক্ষিত)

# আপনার সহযোগিতার জন্য কমিউনিটি সংস্থাগুলি আপনার পাশে আছে!

আপনি কি জানেন যে আপনার আশেপাশেই এমন অনেক সংস্থা রয়েছে যারা আপনার সন্তানের শিক্ষাগত সাফল্য এবং পারিবারিক সংগঠনে সহায়তা করতে পারে?

এখানে এমন সহায়তার কিছু উদাহরণ রয়েছে।

- পিতৃত্ব/মাতৃত্ব সম্পর্কে কর্মশালা (রুটিন, পিতামাতা-সন্তানের সম্পর্ক, ভাইবোনদের ব্যবস্থাপনা, হোমওয়ার্ক সহায়তা ইত্যাদি)
- ডেকেয়ার, ডে ক্যাম্প
- খাদ্য সহায়তা, সম্মিলিত রান্নাঘর
- কম খরচের জন্য স্বল্পদামী দোকান
- কর্মসংস্থান বা আইনি সহায়তা
- অভ্যর্থনা এবং মনোসামাজিক শ্রবণ

আপনার প্রতিবেশী সংস্থাগুলি খুঁজতে, 211 নম্বরে কল করুন বা তাদের ওয়েব সাইটে যান: https://www.211qc.ca/ (বেশ কয়েকটি ভাষায় উপলব্ধ)

বিনামূল্যে পরিষেবার জন্য আপনার সিএলএসসি (স্থানীয় কমিউনিটি সার্ভিস সেন্টার) এর সাথে যোগাযোগ করতে দ্বিধা করবেন না:

# সম্পদসমূহ

**মন্ট্রিয়ল স্কুল সার্ভিস সেন্টার**

আপনার শিশুর স্কুল সাফল্যকে সহায়তা করার জন্য এখানে একটি দরকারী টুলবক্স রয়েছে।

https://www.cssdm.gouv.qc.ca/boite-outils/aider-enfant-reussir/

এটি কিন্ডারগার্টেন ৪ এবং ৫ বছর বয়সীদের জন্য প্রোগ্রাম.

https://www.cssdm.gouv.qc.ca/prescolaire-primaire/programme-prescolaire/

**নাইত্রে এট গ্র্যান্ডির**

এখানে নাইত্রে এট গ্র্যান্ডির ম্যাগাজিনের একটি আকর্ষণীয় নিবন্ধ রয়েছে, «এল'এনট্রি এ লা ম্যাটারনেল.»

https://naitreetgrandir.com/fr/dossier/bientot-la-maternelle/

দ্বারা নথি :
**Stéphanie Bilodeau, Aurélie Coignac, et Gaëlle Kingué-Elonguélé**
**প্রথম স্কুলের ক্রান্তিকালিন সময়ের জন্য এজেন্ট**

**Catherine Gosselin et Caroline Quintal**
কিন্ডারগার্টেন এবং প্রাথমিক বিদ্যালয়ের জন্য শিক্ষাগত উপদেষ্টা

Centre
de services scolaire
de Montréal
Québec